# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 07 May, 2025

চুয়াডাঙ্গা জেলায় চলতি মৌসুমে আম সংগ্রহের সময়সূচি ঘোষণা করা হয়েছে।মঙ্গলবার (৬ মে) বিকেলে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এক সভায় এ সিদ্ধান্ত জানানো হয়।

ঘোষিত সময়সূচি অনুযায়ী, চলতি বছরের ১৫ মে থেকে চুয়াডাঙ্গায় আম সংগ্রহ শুরু হবে।প্রথমে গুটি ও বোম্বাই জাতের আম সংগ্রহ করা হবে।এরপর পর্যায়ক্রমে হিমসাগর ২২ মে, ল্যাংড়া ২৮ মে, আম্রপালি ৫ জুন, ফজলি ১৫ জুন এবং বারি-৪ জাতের আম ২৮ মে থেকে সংগ্রহের অনুমতি দেওয়া হয়েছে।

আম সংগ্রহ কমিটির সভায় জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম জানান, নির্ধারিত সময়ের আগে কেউ আম সংগ্রহ করতে পারবে না। আমে কোনো ধরনের ক্ষতিকারক রাসায়নিক ব্যবহার করা যাবে না।নিয়ম লঙ্ঘনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

প্রশাসনের পক্ষ থেকে বাজার মনিটরিংসহ প্রতিটি পর্যায়ে তদারকি জোরদার করার আশ্বাস দেয়া হয়েছে। নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আম বাজারজাত নিশ্চিত করতে প্রশাসন, কৃষি বিভাগ ও আইনশৃঙ্খলা বাহিনী একযোগে কাজ করবে বলেও জানানো হয়।

সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ পরিচালক কৃষিবীদ মাসুদুর রহমান, অতিরিক্ত উপ পরিচালক দেবাশীষ কুমার দাস, জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা আলমগীর হোসেন, আম বাগান মালিক, ব্যবসায়ী ও গনমাধ্যমকর্মীরা।

হিমসাগর, ল্যাংড়া, ফজলি, আম্রপালি জাতের আম এ জেলায় উৎপন্ন হয়।

চুয়াডাঙ্গায় ২৩'শ ১১ হেক্টর জমিতে আমের বাগান রয়েছে।এসব বাগান থেকে চলতি বছর ৩৪ হাজার ৩'শ ৫৪ মেট্রিক টন আম উৎপাদন হবে বলে জানিয়েছে জেলা কৃষি সম্প্রসারন অধিদপ্তর।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আম সংগ্রহ রাসায়নিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:28

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/26372063